# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**10 MAY 2025** **7:35—7:40 AM IST**

=================================================

পাকিস্তানের ভারতীয় সীমার ভিতরে প্রবেশ করে বেশকয়েকটি অঞ্চলে ড্রোনের ব্যবহারের মাধ্যমে সশস্ত্র বাহিনীর ঘাটি ও গুরুদ্বার সহ জনসাধারণের বাসগৃহ ও সম্পত্তির ওপর আক্রমণ চালানোর চেষ্টাকে ব্যার্থ করে ভারতীয় বায়ুসেনা প্রতিরক্ষা প্রণালী এবং অন্যান্য সামরিক প্রক্রিয়ায় যোগ্য জবাব দিয়েছে । গতকাল বিকেলে নতুন দিল্লীতে বৈদেশিক সচিব বিক্রম মিশ্রী এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মুখপাত্র কর্ণেল সোফিয়া কুরেশি এবং উইং কমান্ডার ব্যোমিকা সিং এক সাংবাদিক সম্মেলনে একথা জানান । প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মুখপাত্র কর্ণেল সোফিয়া কুরেশি জানান যে
---- বাইট-----
এই আক্রমণ এবং পাল্টা আক্রমণের পরিস্থিতি সত্বেও পাকিস্তান যাত্রীবাহী বিমান সেবা বন্ধ করেনি বলে উইং কমান্ডার ব্যোমিকা সিং সাংবাদিক সম্মেলনে জানান ।
বৈদেশিক সচিব বিক্রম মিশ্রী পাকিস্তানের কার্যকলাপসমূকে অত্যন্ত উস্কানিমূলক বলে আখ্যা দেন এবং এটি দুই দেশের মধ্যে পরিস্থিতির অবনতি ঘটানোর প্রয়াস বলে মন্তব্য করেছেন ।

---------------------------------------------------------------------------------

প্রতিরক্ষা মন্ত্রনালয় সব সংবাদ মাধ্যম , ডিজিটেল প্লেটফর্ম ও ব্যাক্তি বিশেষকে প্রতিরক্ষা অভিযান ও নিরাপত্তা বাহিনীর গতিবিধির প্রত্যক্ষ ও সরাসরি প্রচার থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছে । প্রতিরক্ষা মন্ত্রনালয় , তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়ের পূর্বের নির্দেশের কথা উল্লেখ করে সামাজিক মাধ্যমের এক বার্তায় জানিয়েছে যে এধরণের স্পর্শকাতর ও নির্দিষ্ট সূত্র অনুযায়ী তথ্য প্রকাশে প্রতিরক্ষা অভিযানে ব্যাঘাত করা সহ জনসাধারণের জীবনে হুমকির সৃষ্টি করবে । মন্ত্রনালয় কার্গিল যুদ্ধ , ২৬/ ১১ র সন্ত্রাসবাদী আক্রমণ ও কান্দাহার বিমান হাইজেকের মতো আগের কিছু ঘটনার বিষয়ে উল্লেখ করে বিভ্রান্তিকর তথ্য বিপদের সৃষ্টি করতে পারে বলে জানিয়েছে ।

মন্ত্রনালয়ের নির্দেশাবলীতে টেলিভিশন নেটওয়ার্ক সংশোধনী নিয়মের অধীনে শুধুমাত্র স্বীকৃতিপ্রাপ্ত সরকারী কার্যালয়গুলিকে সন্ত্রাসবাদ বিরোধী অভিযানের সময় পর্যায়ক্রমে তথ্য প্রচার করার অনুমতি দেওয়া হয়েছে ।

--------------------------------------------------------------------------------

ভারত ও পাকিস্তানের মধ্যে আক্রমণ - পাল্টা আক্রমণের পরিপ্রেক্ষিতে দেশে বর্ধিত উত্তেজনার মধ্যে জেলা প্রশাসনগুলি জনসাধারণের সুরক্ষা ও নিরাপত্তার প্রতি লক্ষ্য রেখে তাৎক্ষনিকভাবে সবধরণের সাংস্কৃতিক অনুষ্ঠান ও কার্যসূচী আজ থেকে বাতিল করার নির্দেশ জারি করেছে ।এর আগে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এক বার্তায় রাজ্যে পূর্বে নির্ধারিত বিহুর সব অনুষ্ঠান বাতিল করে ঐক্য ও সংহতির বার্তা তুলে ধরতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন ।

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলার গ্রাম পঞ্চায়েত নির্বাচনের ভোট গননা আগামীকাল শিলচর রামনগর আই এস বি টি এবং আই এস টি টি -তে অনুষ্ঠিত হবে । জেলা প্রশাসনের পক্ষ থেকে ভোট গননা প্রক্রিয়া সুষ্ঠভাবে সম্পন্ন করতে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে । এদিকে জেলা ম্যাজিস্ট্রেট ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে শিলচর রামনগর আই এস বি টি এবং আই এস টি টি-র একশ মিটার ব্যাসার্ধের মধ্যে কোন ধরনের যানবাহন পার্কিং করা যাবে না , পঞ্চায়েত নির্বাচনের ভোট গননা সংক্রান্ত পরিচয় পত্র ছাড়া , কোন ব্যাক্তিকে আই এস বি টি এবং আই এস টি টি প্রাঙ্গনে প্রবেশ করতে দেওয়া হবে না । পাশাপাশি হাতে কোন ধারালো অস্ত্র , লাঠি বা বিজয় উৎসব পালনের জন্য কোন ধরনের সামগ্রী নিয়ে প্রবেশ করা যাবে না । গননা কেন্দ্রের একশ মিটার ভিতরে কোন অস্থায়ী খাবার , পানীয় জলের দোকান খোলা যাবে না । নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে ।

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসন ভোট গণনা কর্মী আধিকারিকদের যাতায়াতের সুবিধার্থে বাস পরিষেবা প্রদান করেছে । বাসগুলি জেলার বিভিন্ন স্থান থেকে আগামীকাল ও আগামী সোমবার সকাল ৫ টা এবং বিকেল দুটোয় ভোট গণনা কেন্দ্র আই এস বি টি ও আই এস টি টির উদ্দেশ্যে রওয়ানা দেবে ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আগামীকাল করিমগঞ্জ কলেজের ৮টি গননা কক্ষে পঞ্চায়েত নির্বাচনের ভোট গননা অনুষ্ঠিত হবে । প্রতিটি গননা কক্ষে ১০টি করে টেবিল থাকবে । জেলা

আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে গননা কক্ষে প্রতিটি গননা টেবিলের জন্য একজন করে কাউন্টিং এজেন্ট থাকার অনুমতি দেওয়া হবে । জেলা পরিষদ সদস্য পদের জন্য দুই শিফটে দুই জন এজেন্ট থাকতে পারবেন । গ্রাম পঞ্চায়েত সদস্য পদের জন্য ভোট গননা একটি টেবিলে করা হবে এবং এক্ষেত্রে প্রার্থীকে নিজে উপস্থিত থাকতে হবে । গননা চলাকালীন সময়ে কোন কাউন্টিং এজেন্ট গননা কক্ষ ত্যাগ করতে পারবেন না । গননা কক্ষে কাউন্টিং এজেন্টরা খাদ্য , জলের বোতল , মোবাইল ফোন বা বৈদ্যুতিন সামগ্রী নিয়ে প্রবেশ করতে পারবেন না । যদি কোনো প্রার্থী বা তাঁর এজেন্টকে গণনা কক্ষের মধ্যে খারাপ ব্যাবহার  বা হৈ-হট্ট গোল করতে দেখা যায় তবে তার বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতা ও আসাম পঞ্চায়েত আইন ১৯৯৪র অধীনে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে । প্রতিটি গননা কক্ষ সিসিটিভি-র তদারকিতে থাকবে এবং সব ধরনের গতি বিধি রেকর্ড করা হবে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দির এস এস কলেজে আগামীকাল ৮টি হলে পঞ্চায়েত নির্বাচনের ভোট গননা করা হবে । ভোট গণনা কেন্দ্রে মোবাইল ফোন , কমপিউটার , ল্যাপটপ সহ কোন ধরনের ইলেকট্রনিক সামগ্রী নিয়ে প্রবেশ করা যাবে না । সকাল সাতটায় স্ট্রং রুম খোলা হবে এবং সকাল ৮টা থেকে ভোট গননা শুরু হবে । সি সি টিভির মাধ্যমে ভোট গণণা প্রক্রিয়াটি রেকর্ড করা হবে ।

এছাড়া গণনা কেন্দ্রের চারদিকে অন্য কোনো ব্যক্তির চলাচল ১১ মে আগামীকাল সকাল ৫ টা থেকে ১২ মে বিকেল ৫ টা পর্যন্ত নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

-----------------------------------------------------------------------------------